গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
জুলাই গণঅভ্যুত্থান অধিদপ্তর
সরকারি পরিবহনপুল ভবন, ঢাকা।
www.djmu.portal.gov.bd

স্মারক নম্বরঃ ৪৮.০৪.০০০০.০০০.০০১.০৫.০০১১.২৫-১৮৩

তারিখ: ২২ ভাদ্র ১৪৩৩ / ০৬ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: "জুলাই যোদ্ধা ও শহিদ পরিবার সহায়তা তহবিল" হতে শহিদ পরিবারকে (ওয়ারিশ/উপকারভোগীদের) অনুদান প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ০৬/০৮/২০২৬ খ্রি. তারিখের স্মারক নং- বিআরপিডি-১/সা:/৬০১/বিবিধ/২০২৬-৫০৫১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জুলাই যোদ্ধা ও শহিদ পরিবারবর্গকে আর্থিক সহায়তা প্রদানের উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংক ও ১১টি তফসিলি ব্যাংকের অংশগ্রহণে "জুলাই যোদ্ধা ও শহিদ পরিবার সহায়তা তহবিল" নামে একটি তহবিল গঠন করা হয়। ইতোমধ্যে জুলাই শহিদ স্মৃতি ফাউন্ডেশন এর মাধ্যমে উক্ত তহবিল হতে প্রথম ধাপে গেজেটভুক্ত ২০০ শহিদ পরিবারের ওয়ারিশ/ উপকারভোগীর মাঝে পরিবার প্রতি ২,০০,০০০/- (দুই লক্ষ টাকা) করে অনুদান প্রদান করা হয়েছে। সূত্রোস্থ পত্রের মাধ্যমে আরো জানানো হয়েছে যে, জুলাই গণঅভ্যুত্থানের অবশিষ্ট শহিদ পরিবারের ওয়ারিশ/ উপকারভোগীর মধ্যে অনুরূপ অনুদান প্রদান করা হবে।

০২। গেজেটভুক্ত জুলাই শহিদের সংখ্যা ৮৪৩ (আটশত তেতাল্লিশ)। যাচাই-বাছাইয়ান্তে ৭৯০ (সাতশত নব্বই) টি জুলাই শহিদ পরিবারের ওয়ারিশ/উপকারভোগীর বিষয়ে নিশ্চিত হওয়া সম্ভব হয়েছে। তন্মধ্যে ইতোপূর্বে ২০০ (দুইশত)টি শহিদ পরিবারকে ২,০০,০০০/- (দুই লক্ষ টাকা) করে অনুদান প্রদান করা হয়েছে। বাকি ৫৯০টি জুলাই শহিদ পরিবারের ৮৫৬ (আটশত ছাপ্পান্ন) জন ওয়ারিশ/উপকারভোগীর তথ্যাদি সংযুক্ত ছকে প্রস্তুত করা হয়েছে। অবশিষ্ট ৫৩ (তিপ্পান্ন)টি শহিদ পরিবারের তথ্যাদি যাচাইয়ান্তে নিশ্চিত হওয়া সাপেক্ষে প্রেরণ করা হবে।

০৩। এমতাবস্থায়, ৫৯০টি জুলাই শহিদ পরিবারের ৮৫৬ (আটশত ছাপ্পান্ন) জন ওয়ারিশ/উপকারভোগীর তালিকা সদয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে তালিকা ০৮ (আট) পাতা।

(মোহাম্মদ আনোয়ারুল নাসের)
মহাপরিচালক
জুলাই গণঅভ্যুত্থান অধিদপ্তর
☎ ০২-২২৬৬৪০৮৪১
✉ djmu.gov.bd@gmail.com

গভর্ণর
বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: পরিচালক, বিআরপিডি, বাংলাদেশ ব্যাংক।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. যুগ্মসচিব, জুলাই গণঅভ্যুত্থান শাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪. মাননীয় প্রতিমন্ত্রীর সহকারী একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫. অফিস কপি।